19 APR 2016

# মুরাদনগরে ধর্ষণের অভিযোগে ছাত্রলীগ নেতা গ্রেফতার

■ মুরাদনগর (কুমিল্লা) প্রতিনিধি

মুরাদনগর উপজেলার জাহাপুর ইউনিয়নের শুশুণ্ডা নয়াকান্দি গ্রামে এক ছাত্রলীগ নেতার বিরুদ্ধে অষ্টম শ্রেণীর ছাত্রীকে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। গত রোববার বিকেলের এ ঘটনায় মামলা হলে ওই ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক রুবেল হোসেন নীরবকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার দুপুরে তাকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়। ধর্ষণের শিকার ওই কিশোরীর বাবা রোববার রাতে মুরাদনগর থানায় মামলাটি করেন। অভিযুক্ত রুবেল একই গ্রামের জয়নাল আবেদীনের ছেলে।

মামলার বিবরণে জানা গেছে, রোববার বিকেলে ওই স্কুলছাত্রী গরুকে বিলে ঘাস খাওয়াচ্ছিল। এ সময় রুবেল তাকে একা পেয়ে ধর্ষণ করে। বাড়িতে ফিরে ওই কিশোরী পরিবারকে বিষয়টি জানায়। পরে ঘটনাটি স্থানীয়দের মধ্যে জানাজানি হলে সে কীটনাশক পান করে আত্মহত্যার চেষ্টা চালায়।